

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭-২৩১

তারিখ: ২১ চৈত্র ১৪২৮
০৪ এপ্রিল ২০২২

বিষয় : পবিত্র রমজান মাসে শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণিকক্ষে পাঠদান কার্যক্রম অব্যাহত রাখা।


সূত্র : (১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.২১৩, তারিখ : ২৮ মার্চ, ২০২২ খ্রি:।

(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০১.৯৭.০০১.২১.১১৫, তারিখ : ০৩ এপ্রিল, ২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব জনিত কারণে দীর্ঘদিন শ্রেণিকক্ষে পাঠদান কার্যক্রম বন্ধ থাকায় শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম ক্ষতিগ্রস্ত হয়। এ পরিপ্রেক্ষিতে সূত্রোক্ত ১ নং পত্রে শিক্ষার্থীদের শিখন ঘাটতি পূরণকল্পে এ বিভাগের আওতাধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ২৬ এপ্রিল, ২০২২ পর্যন্ত যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক শ্রেণিকক্ষে পাঠদান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। উক্ত আদেশ সংশোধনপূর্বক শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণিকক্ষে পাঠদান কার্যক্রম ২৬ এপ্রিল, ২০২২ খ্রি: তারিখের পরিবর্তে ২০ এপ্রিল, ২০২২ খ্রি: তারিখ পুনঃনির্ধারণ করা হলো। উল্লেখ্য যে, শুক্রবার ও শনিবার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকবে।

০২। বিশ্ববিদ্যালয়সমূহের স্ব স্ব কর্তৃপক্ষকে একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেটের সিদ্ধান্তক্রমে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


মোঃ নূর-ই-আলম
উপসচিব

বিতরণ :


- ১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭-২৩১

তারিখ: ২১ চৈত্র ১৪২৮
০৪ এপ্রিল ২০২২

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) কমিশনার, বিভাগ (সকল)।
- ২) জেলা প্রশাসক, (সকল)।
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮) সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)।
- ১০) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল (সকল)।
- ১২) উপজেলা নির্বাহী কর্মকর্তা, (সকল)।
- ১৩) জেলা শিক্ষা অফিসার, (সকল)।
- ১৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, (সকল)।
- ১৬) অতিরিক্ত সচিব-এর ব্যক্তিগত কর্মকর্তা (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।


মোঃ নূর-ই-আলম
উপসচিব